

“সেবার মাধ্যমে এগিয়ে
যাওয়াই প্রকৃত কল্যাণ”

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড
প্রবাসী কল্যাণ ভবন
৭১-৭২, ইস্কাটন গার্ডেন, রমনা, ঢাকা
www.wewb.gov.bd

স্মারক নম্বর-৪৯.০৪.০০০০.০০৪.১৮.৬৯৯.০৩-১৪৫

তারিখ: ২৫ বৈশাখ ১৪৩০
০৮ মে ২০২৩


অফিস আদেশ

আপনি জনাব খন্দকার ইকবাল হোসেন, উপসহকারী পরিচালক পদে ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডে কর্মরত আছেন। আপনাকে মালয়েশিয়া (চট্টগ্রাম, সিলেট, বরিশাল ও রাজশাহী বিভাগ) এর আর্থিক অনুদান/মৃত্যুজনিত ক্ষতিপূরণ সংক্রান্ত নথি তালিকা প্রস্তুত করে উপ সহকারী পরিচালক জনাব মোঃ আনিসুর রহমানকে না বুঝিয়ে দেয়া এবং দুবাই (সকল বিভাগ) এর আর্থিক অনুদান/মৃত্যুজনিত শাখায় দায়িত্বে থাকাকালীন মৃত বজলুর রহমানের মৃত্যুজনিত ৩,০০,০০০/- (তিন লক্ষ) টাকা আর্থিক অনুদানের মূতের তদন্ত প্রতিবেদন পাওয়ার পর নানান অজুহাতে মোবাইল নম্বর (০১৭৭৮-৬১০৪০৫) এর মাধ্যমে বিভিন্ন অজুহাতে কাগজপত্র ভুল দেখিয়ে মূতের পুত্রকে ৭-৮ বার অফিসে ডেকে নিয়ে এস টাকা দাবী করেন। মূতের ওয়ারিশ বার বার অফিসে আসার ফলে তার আর্থিক ক্ষতি হয়েছে এবং তিনি কর্তব্য কাজে চরম অবহেলা এবং অসদাচরণ করেছেন। ইতোপূর্বেও তিনি এরূপ আচরণ করেছেন।

আপনার এহেন আচরণে ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডের সুনাম ও ভাবমূর্তি মারাত্মকভাবে ক্ষুণ্ণ হওয়ায় ও ভবিষ্যতে এহেন কার্যকলাপ এর পুনরাবৃত্তি হওয়ার সম্ভাবনা থাকায় ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড (কর্মচারী) চাকুরি প্রবিধানধমালা, ২০২০ এর ৫৯ ধারা অনুযায়ী অদ্য ০৯/০৫/২০২৩ খ্রিঃ তারিখে আপনাকে চাকুরি হতে সাময়িকভাবে বরখাস্ত করা হলো।

প্রচলিত বিধি মোতাবেক আপনি সাময়িক বরখাস্তকালীন খোরপোষ ভাতা (সাবসিসটেন্স এলাউন্স) প্রাপ্য হবেন।

জনাব খন্দকার ইকবাল হোসেন
উপ সহকারী পরিচালক
ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড।



(মোঃ হামিদুর রহমান)
মহাপরিচালক (অতিরিক্ত সচিব)
☎ ০২-৪৮৩১৮২০৪ (অফিস)
✉ dg@wewb.gov.bd

অনুলিপি সদয় অবগতি/কার্যার্থে:

- ১। পরিচালক (সকল), ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড।
- ২। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়।
- ৩। সিনিয়র সচিবের একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়।
- ৪। উপ-পরিচালক (সকল)/ সিস্টেম এনালিস্ট, ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড (ওয়েব সাইটে আপলোডের অনুরোধসহ)।
- ৫। হিসাবরক্ষণ কর্মকর্তা, ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড।
- ৬। সহকারী পরিচালক, প্রবাসী কল্যাণ ডেস্ক, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর।
- ৭। মহাপরিচালকের ব্যক্তিগত কর্মকর্তা, ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড।
- ৮। অফিস নথি/২০২৩।